এডিশনাল ডিআইজিকে জড়িয়ে অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সন্মেলন

মোঃ রুহুল আমিন রাজু,- রংপুর রেঞ্জের এডিশনাল ডিআইজি মো.মিজানুর রহমানকে জড়িয়ে অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন হয়েছে। বৃহস্পতিবার বিকেলে জামলপুর শহরের একটি হোটেলে সংবাদ সম্মেলনের আয়োজন করেন এডিশনাল ডিআইজি মিজানুর রহমানের স্ত্রী নাসরিন জেবা সুমি। এডিশনাল ডিআইজি মিজানুর রহমান জামালপুর জেলার মেলান্দহ উপজেলার আদ্রা ইউনিয়নের চরগুজামানিকা এলাকার বাসিন্দা।

নাসরিন জেবা সুমি অভিযোগ করে বলেন,তার পুলিশ স্বামীকে জড়িয়ে জামালপুর পৌরশহরের ইদিলপুর মৌজার ডাকপাড়া এলাকায় জমি দখল বিষয় নিয়ে পৌরসভার ডাকপাড়া এলাকার বাসিন্দা খুর্শিদা রহমান ও তার ছেলে এস এম মোরশেদ আলম জমি সংক্রান্ত বিষয়ে নিয়ে বিভিন্ন মিথ্যা অপপ্রচার চালিয়ে আসছিল,যাহা ভিত্তিহীন অবান্তর। এডিশনাল ডিআইজি মিজানুর রহমান তার মুঠোফোনে বলেন,এইটা আমার শশুরের পৈত্রিক সম্পত্তি,মোরশেদ আলমরা যে অভিযোগ করেছে,তা অবান্তর,ভিত্তিহীন। এ ব্যাপারে জামালপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)মোহাম্মদ মহব্বত কবির বলেন,আমি যতদিন যাবত জামালপুর থানায় আছি।ততদিনের মধ্যে এমন কোনো ঘটনার অভিযোগ